



# কৃষি জমির মিউটেশন, জমির রেকর্ডে ছোটখাটো সংশোধন এবং পাট্টা প্রদানের আবেদন

ভূমি ও ভূমি সংস্কার দপ্তর এবং উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন দপ্তর

## কী কী পরিষেবা দেওয়া হবে

রেকর্ডকৃত মালিক/ রায়তের কাছ থেকে কেনা কৃষি জমির মিউটেশন, জমির রেকর্ডে ছোটখাটো ভুল সংশোধন, পাট্টা প্রদানের আবেদন নেওয়া হবে এবং জমি সংক্রান্ত অন্যান্য সাহায্য করা হবে।

## কারা এই সুবিধা পাবেন

- ১) কৃষি জমির মিউটেশনের জন্য এবং জমির রেকর্ডে ছোটখাটো ভুল সংশোধনের জন্যঃ পশ্চিমবঙ্গের যে কোনও জমির মালিক।
- ২) এগ্রি পাট্টা এবং হোমস্টেড পাট্টার জন্যঃ ভূমিহীন কৃষি মজুর।

## কী কী নথি প্রয়োজন

নথিভুক্ত মালিক/ রায়তের কাছ থেকে কেনা কৃষি জমির মিউটেশনের জন্য

- ১) রেজিস্টার্ড দলিলের কপি।
- ২) আধার কার্ডের কপি/ ভোটার কার্ডের কপি।
- ৩) মিউটেশনের জন্য ঘোষণাপত্র।
- ৪) জমিটি কেবলমাত্র কৃষিকাজের জন্য ব্যবহৃত হবে- এই মর্মে ঘোষণা।
- ৫) মিউটেশনের জন্য পেশ করা দলিলটি জাল বা বিকৃত নয়- এই মর্মে ঘোষণা।

জমির রেকর্ডে ছোটখাটো ভুল সংশোধনের জন্য

- ১) খতিয়ানের যে অংশটি সংশোধিত হবে তার সংশ্লিষ্ট দলিলের কপি।
- ২) আধার কার্ডের কপি/ ভোটার কার্ডের কপি।

আবেদনগুলি নির্দিষ্ট ভূমি-আইনানুসারে নিষ্পত্তি করা হবে।

জমির পাট্টা প্রদানের আবেদনের জন্য

- ১) যে জমিতে দখল আছে তার ব্লক, মৌজা, এলআর প্লট নম্বর ইত্যাদির বিবরণ সহ সাদা কাগজে আবেদন করতে হবে।
- ২) ভারতের নাগরিক বা এলাকায় বসবাস করার প্রমাণ হিসাবে আবেদনকারীর ভোটার কার্ডের কপি।
- ৩) RR পাট্টা পাওয়ার জন্য আবেদনকারীকে উপযুক্ত কর্তৃপক্ষের থেকে উদ্বাস্তু সার্টিফিকেট, বসবাসের প্রমাণ, নির্দিষ্ট প্রোফর্মায় এফিডেভিট, ফর্ম-A বা ফর্ম-B তে ঘোষণাপত্র জমা দিতে হবে।
- ৪) যুগ্মনামে পাট্টা পেতে হলে আবেদনপত্রে মহিলা সদস্যের নাম প্রথমে লিখতে হবে।

উদ্বাস্তু ও পুনর্বাসন সংক্রান্ত আবেদন বর্তমান নিয়মানুসারে আবেদনগুলি জেলা বা মহকুমার উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন অফিসে নিষ্পত্তি করা হবে।

## যোগাযোগ

দুয়ারে সরকার ক্যাম্প অথবা সংশ্লিষ্ট বি এল এল আর ও অফিস

পশ্চিমবঙ্গ সরকার